

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 29-01-2026

Time: 1.40 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) বাজেট অধিবেশনের দ্বিতীয় দিনে আজ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সংসদে ২০২৫/২৬-এর অর্থনৈতিক সমীক্ষা পেশ করেছেন।
- ২) নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গ সহ পাঁচ রাজ্যে আসন্ন নির্বাচনের জন্য কেন্দ্রীয় পর্যবেক্ষক নিয়োগ করেছে।
- ৩) নাজিরাবাদের দুর্ঘটনাস্থলে যাওয়ার অনুমতি চেয়ে বিজেপি, কলকাতা হাইকোর্টের দ্বারাস্ত হয়েছে। #ওই ঘটনায় এখনো পর্যন্ত উদ্বার হয়েছে ২১ জনের দেহাংশ।
- ৪) পূর্ব মেদিনীপুরের ময়নায় বাগচা গ্রামপঞ্চায়েতে লক্ষ্মীভান্দারের টাকা বন্ধ করে রাখায় কলকাতা হাইকোর্ট রাজ্যের কাছে রিপোর্ট তলব করেছে।
- ৫) রঞ্জি ট্রফি ক্রিকেটে হরিয়ানা আজ টসে জিতে বাংলাকে প্রথমে ব্যাড করতে পাঠিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

বাজেট অধিবেশনের দ্বিতীয় দিনে আজ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সংসদে ২০২৫/২৬-এর অর্থনৈতিক সমীক্ষা পেশ করেছেন।

মুখ্য অর্থনৈতিক উপদেষ্টার তত্ত্বাবধানে মন্ত্রকের অর্থনীতি বিষয়ক দণ্ড, এই সমীক্ষা প্রস্তুত করেছে। দেশের বর্তমান আর্থিক পরিস্থিতি এবং ভবিষ্যত অভিমুখ নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়েছে এই সমীক্ষায়। এরপরই লোকসভার অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে গেছে। আগামী পঞ্চাশ ফেব্রুয়ারী রবিবার ২০২৬-২৭ অর্থবর্ষে কেন্দ্রীয় বাজেট পেশের দিন, সভা ফের বসবে।

উল্লেখ্য, বাজেট অধিবেশনের প্রথম পর্ব চলবে ১৩'ই ফেব্রুয়ারী পর্যন্ত। দ্বিতীয় পর্ব- ৯'ই মার্চ শুরু হয়ে দোসরা এপ্রিল পর্যন্ত চলবে। বাজেট অধিবেশনে মোট ৩০ বার সভা বসবে।

০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দীর্ঘদিনের জমে থাকা সমস্যাকে সরিয়ে রেখে দেশ দীর্ঘস্থায়ী সমাধানের লক্ষ্যে এগিয়ে চলেছে। তাঁর সরকারকে সংক্ষার, প্রদর্শন এবং রূপান্তরের নতুন যাত্রায় সওয়ার হয়েছে। নতুন দিক্ষিতে সংসদ ভবন চতুরে আজ বাজেট অধিবেশনের দ্বিতীয় দিনে শ্রী মোদী সাংবাদিকদের বলেন, সরকার কল্যাণমূলক প্রকল্পের সুবিধা, সমাজের প্রান্তিকতম মানুষের কাছে পৌঁছে দেওয়ার ওপর সরকার বিশেষ জোর দিয়েছে। ২০৪৭ সালের মধ্যে ‘বিকশিত ভারতে’র লক্ষ্য অর্জনে পরবর্তী ২৫ বছর অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে জানান তিনি। প্রধানমন্ত্রী বলেন, গতকাল সংসদ ভবনে রাষ্ট্রপতির অভিভাষণের মধ্য দিয়ে সরকারের প্রতি দেশের ১৪০ কোটি মানুষের বিশ্বাস প্রতিফলিত হয়েছে।

(বাইট- মোদী/ ২০৪৭)

সাম্প্রতিক ভারত- ই ইউ মুক্ত বাণিজ্য চুক্তির বিষয়ে প্রত্যয় ব্যক্ত করে প্রধানমন্ত্রী বলেন, এই পদক্ষেপ, দেশকে আরো আত্মবিশ্বাসী, প্রতিযোগিতামূলক এবং উন্নয়নমুখীকরে

তুলবে। তিনি বলেন, ভারতের গণতন্ত্র এবং জনবিন্যাস, বিশ্বের কাছে নতুন আশার সৃষ্টি করেছে।

(বাইট- মোদী/ ইন্ডিয়ান ডেমোক্রেসি)

প্রধানমন্ত্রী বলেন, দেশের অগ্রগতির পথে বাধা সৃষ্টি না করে সকলের উচিত এক গঠনমূলক ভূমিকা পালন করা। গণতন্ত্রের মন্দির হিসেবে চিহ্নিত সংসদে সেই ভূমিকাই পালন করার আবেদন জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গ সহ পাঁচ রাজ্যে আসন্ন নির্বাচনের জন্য কেন্দ্রীয় পর্যবেক্ষক বা সেন্ট্রাল অবজার্ভার নিয়োগ করেছে। প্রকাশিত তালিকায় এরাজ্য থেকে মোট ২৫ জন সিনিয়র আধিকারিকের নাম রয়েছে। তাঁদের মধ্যে রয়েছেন স্বরাষ্ট্রসচিব জগদীশ প্রসাদ মীনা সহ ১৫ জন আইএএস এবং ১০ জন আইপিএস আধিকারিক। রয়েছেন হাওড়া ও আসানসোলের পুলিশ কমিশনারও।

পাশাপাশি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগারওয়ালকে পাঠানো এক চিঠিতে নির্বাচন কমিশন জানিয়েছে, আগামী ৫ এবং ৬ ফেব্রুয়ারি নতুন দিল্লিতে ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনসিটিউট অফ ডেমোক্রেসি এন্ড ইলেকশন ম্যানেজমেন্ট-এ তালিকাভুক্ত সমস্ত আধিকারিকদের জন্য ব্যাচভিন্নিক বাধ্যতামূলক ব্রিফিং বৈঠকের আয়োজন করা হয়েছে। বৈঠকে অনুপস্থিতির যথাযথ কারণ দর্শাতে না পারলে কড়া পদক্ষেপ নেওয়া হবে বলে কমিশন জানিয়েছে।

উল্লেখ্য, কেন্দ্রীয় অবজার্ভার নিয়োগের জন্য রাজ্য সরকারের কাছে একাধিকবার আধিকারিকদের নামের তালিকা চাওয়া হলেও নির্দিষ্ট সময়ের মধ্যে রাজ্য সরকারের কাছ থেকে উত্তর না মেলায় কমিশন স্বতঃপ্রাপ্তি হয়ে অবজার্ভারদের তালিকা চূড়ান্ত করে তা প্রকাশ করেছে।

০০০০০০০০০০০০০০০০

নির্ধারিত সময়সীমার মধ্যে SIR-এর শুনানি প্রক্রিয়া শেষ করতে প্রতিদিন ৭ থেকে ৮ লক্ষ ভোটারের শুনানি নির্দেশ দিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের এর দপ্তর। এই মর্মে জেলা নির্বাচনী আধিকারিক সহ শুনানির সঙ্গে সংশ্লিষ্ট আধিকারিক ও কর্মীদের নির্দেশ দেওয়া হয়েছে। সূচি অনুযায়ী আগামী ৭ ফেব্রুয়ারি পর্যন্ত এই শুনানি পর্ব চলার কথা। নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে রাজ্য মোট দেড় কোটি ভোটারকে শুনানির জন্য ডাকা হচ্ছে। এর মধ্যে ৯০ লক্ষ মানুষের শুনানি ইতিমধ্যেই শেষ হয়েছে। এক কোটি ৩০ লক্ষের বেশি মানুষ নেটিশ পেয়েছেন।

০০০০০০০০০০০০০০০০

বাড়িতে বসে অনলাইনে আধার আপডেট করার জন্য ইউআইডিএআই নতুন ‘আধার’ অ্যাপ নিয়ে এসেছে। এরফলে ডাকঘর, ব্যাঙ্ক, আধার সেবা কেন্দ্রগুলিতে এখন থেকে আর লম্বা লাইনে অপেক্ষা করতে হবে না। ফেস অথেন্টিকেশনের মাধ্যমে স্মার্ট ফোন থেকে এই সংশোধন, পরিবর্তনের কাজ করা যাবে। প্রত্যেক সংশোধনের জন্য লাগবে ৭৫ টাকা। সেই টাকাও দেওয়া যাবে অনলাইনেই। এখন যে অ্যাপ রয়েছে তা থেকে শুধু আধার ডাউনলোড করা যায়। সংশোধন, পরিবর্তন করা যায় না।

ইউআইডিএআই সিদ্ধান্ত নিয়েছে, দেশের সব জেলায় একটা করে আধার সেবা কেন্দ্র গড়ে তোলা হবে। তবে নতুন আধারকার্ড করতে গেলে আধার সেবাকেন্দ্র, ব্যাঙ্ক ও ডাকঘরে সশরীরে যেতেই হবে। কারণ নতুন আধার করতে গেলে প্রয়োজন হয় আঙুলের ছাপ, চোখের ছবি। এই কাজগুলি বাড়ি থেকে অ্যাপের মাধ্যমে সম্ভব নয়।

০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রীর ফ্ল্যাগশিপ কর্মসূচী Pro-Active Governance and Timely Implementation - PRAGATI (প্রগতি)-র ৫০-তম বৈঠক সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়। একে উল্লেখযোগ্য মাইলফলক হিসাবে দেখছে সরকার। ২০১৫ সালে প্রধানমন্ত্রী

নরেন্দ্র মোদী এই উদ্যোগ চালু করার পর সম্পূর্ণ পাল্টে গেছে দেশের প্রশাসনিক ব্যবস্থাপনা। সম্ভব হয়েছে প্রকৃত সময়ে প্রকল্পের নজরদারি। মূল পরিকাঠামোগত প্রকল্পগুলি নিয়ে জনগণের মতামত বা অভিযোগ সরাসরি প্রধানমন্ত্রীর কাছে পাঠানো যাচ্ছে। একক ডিজিটাল প্ল্যাটফর্মের মধ্যে দিয়ে কেন্দ্র, রাজ্য ও বিভিন্ন মন্ত্রককে এক জায়গায় আনা সম্ভব হয়েছে, যা সফল গণতান্ত্রিক ব্যবস্থার অন্যতম উদাহরণ।

০০০০০০০০০০০০০০০০

‘আজকের প্রসঙ্গ’ অনুষ্ঠানে এবারের বিষয়- প্রগতি। আজ শুনবেন বিশেষ আলোচনা- “নতুন ভারত গঠনে সারা দেশে সড়ক যোগাযোগ ব্যবস্থার বিস্তার”।

ইতিয়ান ইনসিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতার অবসরপ্রাপ্ত অধ্যাপক প্রফেসর সুজয়া বসু-র সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার আনন্দপুরের নাজিরাবাদে অগ্নিকাণ্ডে বিধ্বস্ত দুর্ঘটনাস্থলে যেতে চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে বিজেপি। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, আজ গড়িয়া শিতলামন্দির থেকে ঘটনাস্থল পর্যন্ত মিছিল করতে চাইলেও পুলিশ ১৬৩ ধারা জারি করায় অনুমতি পাওয়া যায়নি। অনুমতি চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হলে মামলা দায়ের এর অনুমতি দেন কলকাতা হাইকোর্টের বিচারপতি শুভ্রা ঘোষ। আজ দুপুর ২-টোয় মামলাটির শুনানির সম্ভাবনা রয়েছে।

এদিকে, পোড়া গুদাম থেকে তল্লাশি চালিয়ে এখনও পর্যন্ত ২১ জনের দেহাংশ উদ্বার হয়েছে। সকাল থেকে মেশিনের সাহায্যে শুরু হয়েছে গুদামে টিনের দেওয়াল ও ছাদ ভাঙ্গার কাজ। ধ্বংসস্তুপ সরানো হলে, আরও কিছু দেহ উদ্বার হতে পারে। এখনও নিখোঁজ অনেকেই। ঘটনাস্থলে জারি রয়েছে ১৬৩ ধারা। পুলিশ এলাকা গার্ড রেল দিয়ে ঘিরে রেখেছে।

অন্যদিকে, মোমো কোম্পানীর বিরুদ্ধে শ্রমিক নির্যাতনের অভিযোগ তুলে ইতিমধ্যেই বিভিন্ন আটলেটের সামনে সিটুর পক্ষ থেকে প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচী পালন করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০

সিবিআই-এর আবেদনের প্রেক্ষিতে বগটুই মামলা বীরভূম থেকে আসানসোলে বিশেষ সিবিআই আদালতে স্থানান্তরের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। সাক্ষীদের প্রভাবিত করার অভিযোগ তুলে এই মামলা অন্যত্র সরানোর আর্জি জানিয়েছিল সিবিআই। তৃণমূল কংগ্রেস নেতা তথা বীরভূমের বড়শাল গ্রাম পঞ্চায়েতের তৎকালীন উপপ্রধান ভাদু শেখ খুন এবং পরবর্তীতে বগটুই গ্রামের একাধিক বাড়িতে অগ্নিসংযোগের ঘটনায় ১০ জনের মৃত্যু এই দুটি মামলার শুনানি চলছে। প্রভাবিত হয়ে বিভিন্ন সময় সাক্ষীরা বয়ান বদলে ফেলছেন বলে সিবিআই আদালতে অভিযোগ করে। এরপরই বীরভূমের জেলা বিচারককে রিপোর্ট পেশ করতে বলে হাইকোর্ট।

সেই রিপোর্ট খতিয়ে দেখার পর গতকাল মামলা স্থানান্তরের নির্দেশ দেন বিচারপতি অজয় কুমার মুখোপাধ্যায়।

উল্লেখ্য, ২০২২ সালের ২১ মার্চ রাতে রামপুরহাট থানার বগটুই মোড়ে বোমা মেরে খুন করা হয় ভাদু শেখকে। সেই রাতেই ভাদুর অনুগামীরা বগটুইয়ের একাধিক বাড়িতে আগুন লাগিয়ে দেয় বলে অভিযোগ। মৃত্যু হয় ১০ জনের। কলকাতা হাইকোর্টের নির্দেশে ঘটনার তদন্তভার পায় সিবিআই।

০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের ময়নার বাগচা গ্রাম পঞ্চায়েতে প্রায় ৭ হাজার মহিলার লক্ষ্মীর ভাণ্ডারের টাকা দেওয়া বন্ধ রাখার অভিযোগের প্রেক্ষিতে দুসঙ্গাহের মধ্যে রাজ্যের কাছে রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চে আরো জানিয়েছে, হাইকোর্টের নির্দেশ মামলার কারনে যেন

এই প্রকল্পের টাকা দেওয়া বন্ধ না রাখা হয় তা নিশ্চিত করতে হবে। মামলাকারীর পক্ষে আইনজীবী বিলুপ্তি ভট্টাচার্য আদালতে জানান, গত সেপ্টেম্বর মাস থেকে বাগচা গ্রাম পঞ্চায়েতে লক্ষ্মীর ভাণ্ডার দেওয়া হয় না মহিলাদের রাজ্য সরকার এই প্রকল্পে ১২০০ টাকা করে দেয় তপশিলি জাতি মহিলাদের। অন্যান্য মহিলাদের দেওয়া হয় ১০০০ হাজার টাকা। ৭হাজার মহিলাকে এই সুবিধা থেকে বস্থিত করা হচ্ছে। বাগচা গ্রাম পঞ্চায়েত বিজেপির দখলে থাকার জন্যই মহিলাদের লক্ষ্মীর ভাণ্ডারের টাকা দেওয়া বন্ধ করে দেওয়া হয়েছে বলে অভিযোগ করা হয়।

প্রধান বিচারপতির বেঞ্চ জানিয়েছে, ১৭ ফেব্রুয়ারি রাজ্যের রিপোর্টের পরিপ্রেক্ষিতে ফের শুনানি হবে এই মামলার।

০০০০০০০০০০০০০০০০

বিজেপি মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ারের মৃত্যুকে কেন্দ্র করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির মন্তব্যের সমালোচনা করেছে। দলের প্রাক্তন রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, রাজ্যের মুখ্যমন্ত্রী নির্লজ্জতার সব সীমা অতিক্রম করেছেন। শোক, মানবতা এবং রাজনৈতিক শালীনতাকে পদদলিত করে তিনি বারবার প্রমাণ করেছেন যে রাজ্যের মর্যাদা থেকেও তার কাছে রাজনৈতিক লাভই গুরুত্বপূর্ণ। শ্রী মজুমদার বলেন, মহারাষ্ট্রের প্রয়াত উপ মুখ্যমন্ত্রীর আত্মীয় শরদ পাওয়ার নিজেই স্পষ্টভাবে জানিয়েছেন, এই মর্মান্তিক ঘটনাটি একটি দুর্ঘটনা এবং এর কোন রাজনৈতিক যোগসূত্র ছিল না। তা সত্ত্বেও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শোকের মুহূর্তেও বিষাক্ত রাজনীতি করতে দ্বিধা করেননি বলেও তাঁর অভিযোগ।

এদিকে, পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী অজিত পাওয়ারের শেষ কৃত আজ সম্পন্ন হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

সুন্দরবনের বিজিয়াড়ির জঙ্গলে কাঁকড়া ধরতে গিয়ে বাঘের আক্রমণে এক মৎস্যজীবী গুরুতর জখম হইয়েছেন। দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমা বুকের সত্যদাসপুর গ্রামের বাসিন্দা বছর ৩২-এর বনু ভক্তা, দিন চারেক আগে ১২ জনের একটি দলের সঙ্গে সুন্দরবনের জঙ্গলে কাঁকড়া ধরতে যান। গতকাল নৌকা নিয়ে কাঁকড়া ধরার সময় হঠাৎই একটি বাঘ জঙ্গল থেকে বেরিয়ে এসে বনু ভক্তার উপর ঝাঁপিয়ে পড়ে। সঙ্গীদের চেষ্টায় কোনোরকমে রক্ষা পান তিনি। বর্তমানে তিনি পাথরপ্রতিমার মাধবনগর গ্রামীণ হাসপাতালে চিকিৎসাধীন।

oooooooooooooooooooo

রক্ষণাবেক্ষণ ও মেরামতি কাজের জন্য গার্ডেনরিচ জল প্রকল্পের আওতাভুক্ত বুস্টার পাম্পিং স্টেশন থেকে আগামী শনিবার জল সরবরাহ বন্ধ থাকবে। এর ফলে বেহালা, টালিগঞ্জ, কসবা, জোকা, ঠাকুরপুর, গলফ গ্রিন, বাঁশদ্রোণী সহ একাধিক এলাকায় জল আসবেনা। পাশাপাশি মহেশতলা, বজবজ পুরসভা এলাকার কিছু অংশে ওই দিন জল সরবরাহ বিস্থিত হবে।

পরদিন (রবিবার) সকাল থেকে পরিষেবা আবার স্বাভাবিক হবে।

○○○○○○○○○○○○○○○○

রঞ্জি ট্রফি ক্রিকেটে হরিয়ানা আজ টসে জিতে বাংলাকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত বাংলা বিনা উইকেটে ১৮ ওভারে ৪৭ রান করেছে।

উল্লেখ থ ম্যাচে ৪ টি জিতে ও ২ টি ড্র করে ৩০ পয়েন্ট নিয়ে গ্রুপ সি-র শীর্ষে
আছে বাংলা।

অন্যদিকে, ৪ টি জিতে ও ২ টি ম্যাচ হেরে ২৪ পয়েন্ট নিয়ে হরিয়ানা গ্রুপের দ্বিতীয়
স্থানে রয়েছে।

oooooooooooooooooooooooooooooooooooo